দৈনিক জনকণ্ঠ
তারিখ 11 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

প্রেস কাউন্সিলের রিপোর্ট

# ১৭৬টি দৈনিক পত্রিকা প্রকাশিত হচ্ছে

সংসদ রিপোর্টার ॥ বাংলাদেশ প্রেস কাউন্সিল প্রয়োজনীয় জনবল এবং পর্যাপ্ত বিচার ক্ষমতা ছাড়া তার দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারবে কিনা বলে সুধী মহলে যে সন্দেহ দেখা দিয়েছে কাউন্সিল তার সাথে একমত।

কাউন্সিলের ১৯৯৪ সালের বার্ষিক রিপোর্টে এ মতামত প্রতিফলিত হয়েছে। রবিবার সংসদে তথ্যমন্ত্রী শামসুল ইসলাম এ রিপোর্ট পেশ করেন। মন্ত্রী কাউন্সিলের আগের দু'বছরের রিপোর্টও একই সাথে পেশ করেন। এ ব্যাপারে প্রশ্ন তুলে স্পীকার শেখ রাজ্জাক আলী বলেন, প্রতিবছর এ রিপোর্ট সংসদে পেশ করার কথা। তিনি মন্ত্রীর কাছে জানতে চান এক সঙ্গে ৩ বছরের রিপোর্ট পেশ করা হচ্ছে কেন? জবাবে তথ্যমন্ত্রী বলেন, এর কারণ এই মুহূর্তে তিনি বলতে পারছেন না, পরে জেনে বলা যাবে। স্পীকার তাঁকে ২/১ দিনের মধ্যেই বিষয়টি সংসদকে জানাতে বলেন। '৯৪ সালের রিপোর্টে আরও বলা হয়, বর্তমানে দেশে দৈনিক পত্রিকার সংখ্যা ১৭৬, সাপ্তাহিক ৫৬৬, পাক্ষিক ১০৪, মাসিক ২৪৪, দ্বিমাসিক ৭, ত্রৈমাসিক ৪৮, এবং ষান্মাসিক ৬টিসহ মোট ১১৫১টি। এছাড়া আন্তর্জাতিক মানের দু'টি সংবাদ সংস্থা রয়েছে। এতগুলো সংবাদপত্র ও সংবাদ সংস্থার ওপর খবরদারি করার জন্য প্রয়োজনীয় ও পর্যাপ্ত আইনগত ক্ষমতা থাকা দরকার।